



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৮৯৯০.০৩৫.৪৬.০৭২.১২ (অংশ-১)-১০৮৬

তারিখঃ ১৪ অক্টোবর ২০১৯

বিষয়ঃ শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার শ্রীবরদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে পুনরায় নির্বাচনের নিমিত্তে উক্ত পদে গেজেট বাতিলের প্রজ্ঞাপন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল ও নির্বাচনি ট্রাইব্যুনালের আদেশ অনুযায়ী মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার শ্রীবরদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে পুনরায় নির্বাচনের নিমিত্তে ইতিপূর্বে প্রকাশিত গেজেট হতে বিজয়ী প্রার্থীর নাম-ঠিকানা, পাটির নাম, পদ বিলুপ্তির প্রজ্ঞাপন ০৯ অক্টোবর ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। উক্ত গেজেটের ১৫ (পনের) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

ফোনঃ ৫৫০০৭৫৬৫

মোবাইলঃ +৮৮-০১৫৫০০৪২০৫৩

mizanr63@yahoo.com

✓ জেলা প্রশাসক  
শেরপুর

নং-১৭.০০.৮৯৯০.০৩৫.৪৬.০৭২.১২ (অংশ-১)-১০৮৬

তারিখঃ ১৪ অক্টোবর ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ (০২ কপি)
- ৪। জেলা নির্বাচন অফিসার, শেরপুর (০৩ কপি) [ ইন্ড্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর (০৩ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, শ্রীবরদী, শেরপুর (০৩ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৯, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ আশ্বিন ১৪২৬/০৭ অক্টোবর ২০১৯

নং ১৭.০০.৮৯৯০.০৩৫.৪৬.০৭২.১২ (অংশ-১)-১০৮১—বিজ্ঞ যুগ্ম-জেলা জজ ১ম আদালত, শেরপুর ও নির্বাচনি আপিল ট্রাইব্যুনালে আপিল নং-০৩/২০১৮ এর ২২ আগস্ট ২০১৯ তারিখের আদেশে নির্বাচনি ট্রাইব্যুনালে মোকদ্দমা নং ০১/২০১৬ এর ০৭ জুন ২০১৮ তারিখের রায় ও আদেশে ৩১-০৩-২০১৬ ইং তারিখে অনুষ্ঠিত ৬ নং শ্রীবরদী সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ নির্বাচনে ২ নং নয়ানী শ্রীবরদী সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রের নির্বাচন বাতিল, ১নং প্রতিপক্ষের নির্বাচন বাতিল এবং নালিশী কেন্দ্রের পুনর্নির্বাচনের আদেশ বহাল রাখায় শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার শ্রীবরদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে নির্বাচন ট্রাইব্যুনালের আদেশ অনুযায়ী নালিশী ভোটকেন্দ্রের পুনর্নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন এতদ্বারা গত ২৮ এপ্রিল ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৬০৭১ নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত 'শ্রীবরদী' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মোহাম্মদ আব্দুল হালিম, পিতা- মোহাম্মদ জবেদ আলী, গ্রাম-নয়ানী শ্রীবরদী' এবং ৩নং কলামে বর্ণিত 'বাংলাদেশ আওয়ামী লীগ' ও ৫নং কলামে বর্ণিত 'চেয়ারম্যান' শব্দ ও চিহ্নসমূহ বিলুপ্ত করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান  
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৩৪৫৯)

মূল্য : টাকা ৪.০০